দৈনিক বাংলা
তারিখ 19 DEC 1992
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

ডামেকসু নেতৃবৃন্দ ও শিক্ষক সমাবেশে খালেদা জিয়া

# জাতীয় সমস্যা সমাধানে এক হোন



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শুক্রবার সুগন্ধায় ঢাকা মেডিকাল কলেজ ছাত্র সংসদের নবনির্বাচিত সদস্যদের উদ্দেশে ভাষণ দেন। ছবিতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ ও তথ্যমন্ত্রী ব্যারিস্টার নাজমুল হুদাকেও দেখা যাচ্ছে।

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গণতান্ত্রিক প্রক্রিয়া সংহত করার জন্য বিভিন্ন জাতীয় সমস্যা সমাধানে সকল মহলের প্রতি দায়িত্বের সঙ্গে ঐক্যবদ্ধ প্রচেষ্টা চালানোর আহবান জানিয়েছেন। তিনি বলেন, বর্তমান গণতান্ত্রিক ব্যবস্থার অধীনে বাঞ্ছিত উন্নয়নের লক্ষ্য অর্জনে জাতিকে উন্নয়ন ও অগ্রগতির অন্তরায় অপ্রয়োজনীয় বিষয়সমূহ এড়িয়ে চলতে হবে। ঢাকা মেডিক্যাল কলেজ কেন্দ্রীয় ছাত্র সংসদের নবনির্বাচিত কর্মকর্তাদের উদ্দেশে তিনি একথা বলেন। এই কর্মকর্তারা শুক্রবার প্রধানমন্ত্রীর সঙ্গে তার সুগন্ধা অফিসে সাক্ষাৎ করতে গিয়েছিলেন। এ সময় ঢাকা মেডিক্যাল কলেজের শিক্ষক এবং সাধারণ ছাত্রছাত্রীরাও উপস্থিত ছিলেন।

বাসস'র খবরে বলা হয়, প্রধানমন্ত্রী ছাত্র সংসদের নবনির্বাচিত কর্মকর্তাদের অভিনন্দন জানান। গণতন্ত্রকে অর্থবহ করার জন্য তিনি ছাত্রছাত্রীদের প্রতি ঐক্যবদ্ধভাবে ক্যাম্পাসে সন্ত্রাস প্রতিহত করার আহবান জানান। তিনি বলেন, শিক্ষাঙ্গনে অনুকূল পরিবেশ সৃষ্টির প্রচেষ্টায় সরকার দলমতনির্বিশেষে সকল ছাত্র সংগঠনকে একই দৃষ্টিতে দেখবেন এবং সমান সহযোগিতা দেবেন। সম্প্রতি অনুষ্ঠিত ঢাকা মেডিক্যাল কলেজ ছাত্রসংসদ নির্বাচনে ২০টি পদের মধ্যে জাতীয়তাবাদী ছাত্রদল ১৭টি পদ লাভ করে। বিজয়ী প্রার্থীদের সবাই এ সময় উপস্থিত ছিলেন। বেগম খালেদা জিয়া ছাত্রছাত্রীদের স্মরণ করিয়ে দেন, দেশের দরিদ্র জনগণ তাদের ডাক্তার হবার খরচ বহন করছে। কাজেই প্রায়শ স্বাস্থ্য পরিচর্যা বঞ্চিত গ্রামের দরিদ্রদের দুর্দশা লাঘবে ডাক্তারদের নৈতিক দায়িত্ব রয়েছে। মানুসের দুর্দশা নিরসনে তিনি ডাক্তারদের প্রতি আন্তরিকতার সঙ্গে কাজ করার আহবান জানান।

দক্ষতা ও আন্তরিক সেবার জন্য আমাদের দেশের ডাক্তাররা বিদেশে সুনাম অর্জন করায় প্রধানমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন। এ কারণে বিদেশে বাংলাদেশী ডাক্তারদের চাহিদা বেড়েছে বলে তিনি জানান। দেশের ডাক্তাররা বিদেশে চাকরির আরো সুবিধা পাবেন এবং অর্থনীতি জোরদারে সাহায্য করবেন বলে তিনি আশা প্রকাশ করেন।

বর্তমান সরকারের উন্নয়ন প্রচেষ্টার উল্লেখ করে বেগম খালেদা জিয়া বলেন, সকল মহলের ঐক্যবদ্ধ প্রচেষ্টায় এসব উন্নয়ন কর্মকাণ্ড সফল হবে।

তিনি ঢাকা মেডিক্যাল কলেজের বিভিন্ন সমস্যা পর্যায়ক্রমে সমাধানের আশ্বাস দেন।

এই অনুষ্ঠানে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী চৌধুরী কামাল ইবনে ইউসুফ, তথ্যমন্ত্রী নাজমুল হুদা, পূর্তমন্ত্রী রফিকুল ইসলাম মিয়া, স্বাস্থ্য উপমন্ত্রী সিরাজুল হক, বিএনপি নেতা মুজিবুর রহমান এবং জাতীয়তাবাদী ছাত্রনেতা আবুল খায়ের ভুঁইয়া ও নাসিরুদ্দিন আহমদ পিন্টু বক্তৃতা করেন।

## কলেজ শিক্ষকদের প্রতি আহ্বান

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সকল ক্ষুদ্র স্বার্থের উর্ধ্বে থেকে দেশের ভবিষ্যৎ প্রজন্মকে সঠিক দিকনির্দেশনা দিতে আত্মনিয়োগ করার জন্য শিক্ষক সমাজের প্রতি আহবান জানিয়েছেন। প্রধানমন্ত্রী শুক্রবার তার সুগন্ধা কার্যালয়ে বেসরকারী কলেজ শিক্ষক সমিতির সদস্যদের সাথে আলাপকালে এই আহবান জানান।

শিক্ষক সমিতির প্রতিনিধিদলের সদস্যরা বেগম খালেদা জিয়াকে গণশিক্ষা চালু, ৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রীদের অবৈতনিক শিক্ষা, উন্মুক্ত বিশ্ববিদ্যালয় স্থাপন ও বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কর্মসূচীসহ শিক্ষা খাতের উন্নয়নে তাঁর সরকারের গৃহীত পদক্ষেপের জন্য ধন্যবাদ জানান। তারা অর্থনীতির ক্ষেত্রে সরকারের

(আটের পাতায় ১-এর কঃ দ্রঃ)

(প্রথম পাতার পর) জাতীয় সমস্যা সমাধানে এক হোন

অর্জিত সাফল্যের জন্যও তাকে ধন্যবাদ জানান।

বেসরকারী কলেজ শিক্ষকরা নিজেদের সমস্যার কথা তুলে ধরে প্রধানমন্ত্রীর নিকট একটি দাবীনামা পেশ করেন। তাদের দাবীগুলোর মধ্যে রয়েছে, সুনির্দিষ্ট নীতিমালার ভিত্তিতে শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয়করণ, শিক্ষা উপদেষ্টা কাউন্সিল গঠন ও বেসরকারী কলেজ শিক্ষকদের সত্যায়নের অধিকার প্রদান। প্রধানমন্ত্রী ধৈর্যসহকারে শিক্ষকদের সমস্যার কথা শুনেন এবং সম্ভাব্য সকল সহায়তার আশ্বাস দেন। শিক্ষামন্ত্রী জমিরউদ্দিন সরকার, পূর্তমন্ত্রী রফিকুল ইসলাম মিয়া এবং তথ্যমন্ত্রী নাজমুল হুদা এসময় উপস্থিত ছিলেন।